

জামালপুরে ৫০০০(পাঁচ হাজার) পিস ইয়াবা ট্যাবলেটসহ ০১ জন গ্রেপ্তার



গত ০৩/০৬/১৫ ইং তারিখ
১৬.০০-১৭.০০ ঘটিকায়
গোপন সংবাদের ভিত্তিতে
জামালপুর সদর সার্কেলের
পরিদর্শক জনাব মুহাম্মদ
আমিনুল কবিরের নেতৃত্বে
বিভাগীয় ষ্টাফ এবং
জামালপুর পুলিশ লাইনের

পুলিশ ফোর্সের সমন্বয়ে একটি রেডিং পার্টি গঠন করে বকসিগঞ্জ থানাধীন বাট্রাজোড় পশ্চিমপাড়াস্থ আসামী মোঃ মাসুদ এর দেহ এবং বসতবাড়ী তল্লাশী করে ৫০০০ (পাঁচ হাজার) পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেন। আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, সে ঢাকা থেকে জনৈক আলতাফ এর মাধ্যমে ইয়াবা ট্যাবলেট সংগ্রহ করে পাইকারীভাবে বিভিন্ন স্থানে বিক্রয় করে। এ ব্যাপারে পরিদর্শক জনাব মুহাম্মদ আমিনুল কবির বাদী হয়ে বকসিগঞ্জ থানায় একটি নিয়মিত মামলা দায়ের করেন। যাহা বকসিগঞ্জ থানার মামলা নং-০৫ তারিখ ০৩/০৬/২০১৫ ইং।